# আজ তৃতীয় স্থান নির্ধারণী লড়াইয়ে মুখোমুখি ফ্রান্স-ইংল্যান্ড




ছবি: সংগৃহীত

বিশ্বকাপের তৃতীয় স্থান নির্ধারণী ম্যাচে শনিবার দিবাগত রাতে মুখোমুখি হচ্ছে ইউরোপের দুই শক্তিশালী দল ফ্রান্স ও ইংল্যান্ড। যুক্তরাষ্ট্রের মিয়ামির হার্ড রক স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে ম্যাচটি। বাংলাদেশ সময় রোববার রাত ৩টায় শুরু হবে খেলা।

শিরোপার লড়াইয়ে জায়গা করে নিতে না পারলেও বিশ্বকাপ শেষটা জয়ে রাঙাতে চায় দুই দলই। সেমিফাইনালে আর্জেন্টিনার কাছে হেরে বিদায় নেয় ইংল্যান্ড, আর স্পেনের কাছে পরাজিত হয়ে ফাইনালের স্বপ্ন ভেঙে যায় ফ্রান্সের।

এই ম্যাচে আরেকটি বড় আকর্ষণ থাকছে গোল্ডেন বুটের প্রতিযোগিতা। বর্তমানে আট গোল করে তালিকার শীর্ষে আছেন লিওনেল মেসি ও কিলিয়ান এমবাপ্পে। অন্যদিকে ইংল্যান্ডের হ্যারি কেইন ও জুড বেলিংহামের ঝুলিতে রয়েছে ছয়টি করে গোল। ফলে ব্যক্তিগত এই লড়াইও ম্যাচটিকে বাড়তি গুরুত্ব এনে দিয়েছে।

ফলে তৃতীয় স্থান অর্জনের পাশাপাশি ব্যক্তিগত অর্জনের লক্ষ্য নিয়েও মাঠে নামবেন দুই দলের তারকা ফুটবলাররা।

LENS ASIA